



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমি (নায়েম)  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়  
প্রশিক্ষণ ও বাস্তবায়ন বিভাগ  
নায়েম রোড, ধানমন্ডি, ঢাকা ১২০৫  
[www.naem.gov.bd](http://www.naem.gov.bd)



স্মারক নম্বর: ৩৭.০৪.০০০০.৩০০.৩২.০১০.২২/৪৭৪৩, ২৩.১৩

১২ পৌষ ১৪৩০ বঙ্গাব্দ  
তারিখ: ২৭ ডিসেম্বর ২০২৩ খ্রিস্টাব্দ

বিষয়: সরকারি ও বেসরকারি কলেজের ইংরেজি বিষয়ের প্রভাষকগণের জন্য ৬২তম কমিউনিকোটিভ ইংলিশ কোর্সে অংশগ্রহণ

সূত্র: নং-নায়েম/৩৭.০৪.০০০০.৩০০.৩২.০১০.২২/৪৭৪৩, তারিখঃ ১০-১২-২০২৩ খ্রিস্টাব্দ

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আগামী ৯ মাঘ থেকে ২৯ মাঘ ১৪৩০ বঙ্গাব্দ/ ২৩ জানুয়ারি থেকে ১২ ফেব্রুয়ারি ২০২৪ খ্রি. পর্যন্ত সরকারি ও বেসরকারি কলেজের ইংরেজি বিষয়ের প্রভাষকগণের জন্য ৬২তম কমিউনিকোটিভ ইংলিশ কোর্স নায়েমে অনুষ্ঠিত হবে। এ কোর্সে তাঁর আওতাধীন জেলাসমূহের সরকারি ও বেসরকারি কলেজ থেকে ০৪ জন ইংরেজি বিষয়ের প্রভাষক মনোনীত করতে অনুরোধ করা হলো। মনোনীত প্রশিক্ষণার্থীগণের নাম, পদবি, প্রতিষ্ঠানের নাম, তাদের ব্যক্তিগত মোবাইল নম্বর ও ইমেইল আইডিসহ তালিকা আগামী ১৭ জানুয়ারি, ২০২৪ খ্রিস্টাব্দের মধ্যে কোর্স সমন্বয়ক মো. জাহাঙ্গীর কবীর, সহকারী পরিচালকের (মোবাইল/ হোয়াটসঅ্যাপ : ০১৬৭৩২১২৯১৪) ইমেইলে ([adtrgjahangir.naem@gmail.com](mailto:adtrgjahangir.naem@gmail.com)) পাঠানোর জন্য অনুরোধ করা হলো। এতদসঙ্গে নিম্নলিখিত বিষয়াদি প্রতিপালনের জন্য অনুরোধ করা হলো:

১. মনোনীত প্রশিক্ষণার্থীগণ আগামী ১৮ জানুয়ারি, ২০২৪ খ্রি. রাত ১০টার পূর্বে নায়েম ওয়েবসাইটে ([www.naem.gov.bd](http://www.naem.gov.bd)) প্রশিক্ষণ সংক্রান্ত মেন্যুর অনলাইন রেজিস্ট্রেশন থেকে তথ্যফর্ম পূরণ করে কোর্সে যোগদানের বিষয়টি নিশ্চিত করবেন;
২. বেসরকারি কলেজে কর্মরত প্রভাষকগণকে অবশ্যই এমপিওভুক্ত ও ইনডেপেন্ডেন্ট নম্বরধারী হতে হবে;
৩. মনোনীত প্রভাষকগণকে একাদশ-দ্বাদশ শ্রেণির English for Today, সর্বশেষ এমপিও কপি (বেসরকারি প্রতিষ্ঠানের প্রভাষকের ক্ষেত্রে), পাসপোর্ট সাইজের দুই কপি রঙিন ছবি, জাতীয় পরিচয় পত্রের ফটোকপি, EIIN সম্বলিত রিলিজ লেটার, অনলাইন রেজিস্ট্রেশনের প্রিন্টেড কপি ও একটি ১০ টাকা মূল্যমানের রাজস্ব স্ট্যাম্প সঙ্গে আনতে হবে;
৪. আসন শূন্য থাকা সাপেক্ষে হোস্টেলে থাকার ব্যবস্থা করা হবে। হোস্টেলে আবাসনের ক্ষেত্রে কোর্স শুরুর পূর্বদিন অপরাহ্নে নির্ধারিত হোস্টেলের আসন গ্রহণ বাঞ্ছনীয়;
৫. সরকারি নিয়ম অনুযায়ী কোর্সে অংশগ্রহণকারীকে ভ্রমণ ও দৈনিক ভাতা নায়েম থেকে প্রদান করা হবে। তবে প্রাথমিক ব্যয় (খাচা, খাওয়া ও শিক্ষাসফরের খরচ) সংকুলানের জন্য আনুমানিক ২০,০০০/- (বিশ হাজার) টাকা সঙ্গে আনতে হবে। প্রশিক্ষণ শেষে অংশগ্রহণকারীকে এ অফিসে ভ্রমণ ও দৈনিক ভাতার বিল পেশ করতে হবে। উক্ত বিল শিক্ষা মন্ত্রণালয়ের প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তার অফিস হতে অনুমোদনের পর অনলাইন ব্যাংকিং সিস্টেমে প্রশিক্ষণার্থীগণের নিজ নিজ ব্যাংক একাউন্টে প্রেরণ করা হবে। সেজন্য, সংযুক্ত ছক যথাযথভাবে পূরণ করে আনতে হবে;
৬. যিনি নায়েম হতে এ প্রশিক্ষণ ইতিপূর্বে গ্রহণ করেছেন তাঁর এ প্রশিক্ষণে অংশগ্রহণ করার প্রয়োজন নেই;
৭. যিনি বিগত এক বছরের মধ্যে নায়েম পরিচালিত কোনো প্রশিক্ষণ কোর্সে (F'IC ও ERM ছাড়া) অংশগ্রহণ করেছেন তিনি এ কোর্সে অংশগ্রহণ করতে পারবেন না;
৮. যার বয়স ৫৭ বছর অতিক্রম করেছে তিনি এ কোর্সে অংশগ্রহণ করতে পারবেন না;
৯. মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর বাংলাদেশ এর স্মারক নম্বর মাউশিপ্র/বা-ইউ/৫২৮০, তারিখ ১০-০১-১৯ অনুসারে এবং ৩৭.০২.০০০০.১১০.১৮.৪১.২০১৬-২৬, তারিখ ০৭/০৩/২০১৬ অনুসারে এ কোর্সে অংশগ্রহণ বাধ্যতামূলক। প্রশিক্ষণে মনোনীত কর্মকর্তাগণ প্রশিক্ষণ শুরুর দিন থেকে তাৎক্ষণিক বিমুক্ত (Stand Released) বলে গণ্য হবেন। সুতরাং গ্রহণযোগ্য কোনো কারণ ছাড়া কোর্সে অংশগ্রহণ করা থেকে বিরত থাকলে তাঁর বিরুদ্ধে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করার নির্দেশনা রয়েছে;
১০. প্রশিক্ষণ সংক্রান্ত কোন বিষয় জানার প্রয়োজন হলে কোর্স সমন্বয়ক মো. জাহাঙ্গীর কবীর, সহকারী পরিচালক, প্রশিক্ষণ ও বাস্তবায়ন (মোবাইল ও হোয়াটসঅ্যাপ: ০১৬৭৩২১২৯১৪)-এর সাথে যোগাযোগ করা যেতে পারে।
১১. প্রশিক্ষণার্থীগণ হোয়াটসঅ্যাপ ও Gmail একাউন্ট খুলে কোর্সের গ্রুপে যুক্ত হবেন;
১২. আমন্ত্রণপত্র নায়েমের ওয়েবসাইটে ([www.naem.gov.bd](http://www.naem.gov.bd)) পাওয়া যাবে।



২৭-১২-২০২৩

প্রফেসর তাহসিনা আক্তার  
পরিচালক

০২-৫৫১৬৭৫৩০ (ফোন)

০২-৫৫৬৩২১৪ (ফ্যাক্স)

ddtrainingnaem@gov.bd


মাউশি আঞ্চলিক পরিচালকগণ।

স্মারক নম্বর:

তারিখ: ১২ পৌষ ১৪৩০ বঙ্গাব্দ  
২৭ ডিসেম্বর ২০২৩ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মহাপরিচালক, মহাপরিচালকের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর;
- ২। পরিচালক, প্রশাসন ও অর্থ বিভাগ, জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমি;
- ৩। পরিচালক, প্রশিক্ষণ ও বাস্তবায়ন বিভাগ, জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমি;
- ৪। পরিচালক, পরিকল্পনা ও উন্নয়ন বিভাগ, জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমি;
- ৫। পরিচালক, গবেষণা ও তথ্য বিভাগ, জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমি;
- ৬। উপ-পরিচালক, প্রশিক্ষণ ও বাস্তবায়ন বিভাগ, জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমি;
- ৭। উপ-পরিচালক, গবেষণা ও তথ্য বিভাগ, জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমি;
- ৮। উপ-পরিচালক, প্রশাসন ও অর্থ অধিশাখা, জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমি;
- ৯। শিক্ষা মন্ত্রণালয়, ৪৫, পুরানা পল্টন, ঢাকা এবং
- ১০। প্রোগ্রামার, আইসিটি সেল, জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমি (পত্রটি নায়েমের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।



২৭-১২-২০২৩

মোঃ জাহাঙ্গীর কবীর  
সহকারী পরিচালক